

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
কোম্পানী-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd

স্মারক নং- ১৪.০০.০০০০.০০৮.২৭.০১৬.১৬.৪৩৭

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৬/২০ নভেম্বর ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব বিক্রম কুমার বিশ্বাস, উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিঃ (বিটিসিএল)-এ কর্মরত থাকাবস্থায় তার অনুকূলে ০২ (দুই) বছরের শিক্ষা ছুটি মঞ্জুরক্রমে ৩১-০৭-২০১৩ খ্রিঃ তারিখ অপরাধে অবমুক্ত করা হয় এবং অনুমোদিত শিক্ষাছুটির মেয়াদ ০১-০৮-২০১৫ খ্রিঃ তারিখে শেষ হয়;

যেহেতু, বিনা অনুমতিতে নিজকর্মে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (সি) ধারা মোতাবেক ১৬-০৮-২০১৬ তারিখে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। তিনি অভিযোগনামার কোন জবাব দাখিল না করায় বিষয়টি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (সি) বিধিমতে যথাক্রমে “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগ প্রমাণিত মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন;

যেহেতু, তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (সি) বিধিমতে যথাক্রমে “অসদাচরণ” ও “ডিজারশন” এর অপরাধে একই বিধিমালায় ৪(৩)(ডি) মোতাবেক “চাকরি হইতে বরখাস্ত (Dismissal from service)” দন্ড প্রদানের কর্তৃপক্ষের সিদ্ধান্তের কথা জানিয়ে ০৬/১১/২০১৮ খ্রিঃ তারিখে সংশোধিত ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয় এবং উক্ত নোটিশটি ফেরত আসায় গত ০৮-১১-২০১৮ তারিখে “The daily new Nation” পত্রিকায় এবং গত ১১-১১-২০১৮ তারিখে “দৈনিক যুগান্তর” পত্রিকায় নোটিশটি প্রকাশিত হয়;

যেহেতু, জনাব বিক্রম কুমার বিশ্বাস সংশোধিত ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন নি এবং কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ না করে ০১-০৮-২০১৫ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি নিজকর্মে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, জনাব বিক্রম কুমার বিশ্বাস-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩) (ডি) বিধি মোতাবেক “চাকরি হইতে বরখাস্ত” করার লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর পরামর্শ/মতামত পত্র মারফত চাওয়া হলে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) এর ২৯/০৭/২০১৯ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.১০১.৩৪. ০০৪.২০১৯.২৩৬ নং স্মারকে বর্ণিত কর্মকর্তাকে “চাকরি হইতে বরখাস্ত” করণের বিষয়ে এ বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেন;

যেহেতু, আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় জনাব বিক্রম কুমার বিশ্বাস-কে “চাকরি হইতে বরখাস্ত” করণের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

সেহেতু, জনাব বিক্রম কুমার বিশ্বাস, উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (সি) বিধিমতে যথাক্রমে “অসদাচরণ” ও “ডিজারশন”এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ধারাবাহিকতায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩ (গ) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “পলায়ন” এর অপরাধে একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী নিজ কর্মে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১-০৮-২০১৫ খ্রিঃ তারিখ থেকে “চাকরি হইতে বরখাস্ত (Dismissal from service)” দন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(অশোক কুমার বিশ্বাস)
সচিব

স্মারক নং- ১৪.০০.০০০০.০০৮.২৭.০১৬.১৬.৪৩৭

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৬/২০ নভেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
(কর্মকর্তার স্থায়ী ও সর্বশেষ জ্ঞাত ঠিকানায় আদেশটি প্রেরণের অনুরোধসহ)
- ২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড, ৩৭/ই ইক্সটন গার্ডেন রোড, ঢাকা।
- ৩। জনাব বিক্রম কুমার বিশ্বাস, উপ-বিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৫। প্রোগ্রামার, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তার ও দুরালাপনী, সেগুনবাগিচা, ঢাকা।


20/11/2019

(জেসমীন আক্তার)
উপসচিব